## ডেমরা বিশ্ববিদ্যালয় কলেজে নবীনবরন অনুষ্ঠান

সেলিম রায়হান ॥ ডেমরা বিশ্ববিদ্যালয় কলেজে কৃতি শিক্ষার্থীদের স্বর্নপদক প্রদান ও নবীন বরন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। রবিবার সকালে ডেমরা বিশ্ববিদ্যালয় কলেজ মাঠে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ২০১৩-২০১৪ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় জি,পি,এ-৫ প্রাপ্ত ৩৭ জন কৃতি শিক্ষার্থীকে স্বর্নপদক প্রদান করা হয়েছে এবং নবীন ছাত্র ছাত্রীদের ফুল দিয়ে বরন করে নেয়া হয়। ডেমরা বিশ্ববিদ্যালয় কলেজের গভর্নিং বডির সভাপতি ও ডেমরা ইউপি চেয়ারম্যান আলহাজ্ব জয়নাল আবেদীন রতনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা-৫ আসনের সাংসদ আলহাজ্ব হাবিবুর রহমান মোল্লা এমপি। এ সময়ে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর এবিএম শাহজালাল, প্রকল্প পরিচালক মাউশি, বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজসেবক কে.এম আর মঞ্জুর, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের প্রধান সাবেক সহকারী রেজিষ্ট্রার ডাক্তার শাহাবউদ্দিন, স্কয়ার হাসপাতালের অর্থপ্যাডিক বিভাগের বিশেষজ্ঞ চিকিৎসক ডাক্তার মেজবাহ উদ্দিন আহম্মেদ। স্বাগত বক্তব্য রাখেন ডেমরা বিশ্ববিদ্যালয় কলেজের প্রিন্সিপাল মোঃ ইউনুস মোল্লা। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ... মনির হোসেন ভূইয়া, আমান ...হ বেপারী, আবুল বাশার, ...বুর রহমান হাসু, মোমেন ...র, মো: আব্দুর রহমান, ডেমরা ... প্রেসক্লাবের সভাপতি এম আই ...ক সরদার ও সাধারণ সম্পাদক ...ক আহম্মেদ সুজনসহ ...জের গভর্নিং বডির অন্যান্য ..., শিক্ষক, শিক্ষার্থী ও এলাকার ...ষ্ট ব্যক্তিবর্গ।

০ শয্যা হাসপাতাল




*খুলনা এলজিইডি ভবনে শনিবার দুপুরে সরকারের উন্নয়নমূলক কর্মকাণ্ডের অগ্রগতি বিষয়ে বক্তব্য রাখছেন এলজিইডি প্রধান প্রকৌশলী শ্যামা প্রসাদ অধিকারী* –খবর

# এলজিইডি'র প্রধান প্রকৌশলীর রামপাল তাপ বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন

**আজাদ রশিদী, বাগেরহাট থেকে** ॥ এলজিইডি'র প্রধান প্রকৌশলী শ্যামা প্রসাধ অধিকারী বাগেরহাটের রামপালে নির্মানাধীন তাপ বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন করেছেন।
এ বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শনশেষে শনিবার সকাল থেকে দুপুর পর্যন্ত খুলনা এলজিইডি ভবন মিলনায়তনে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর আওতায় খুলনা এবং যশোর অঞ্চলে বাস্তবায়নাধীন প্রকল্প / কর্মসূচী সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভায় মিলিত হন। এ সভায় তিনি সভাপতিত্ব করেন। পর্যালোচনা সভায় প্রধান প্রকৌশলী শ্যামা প্রসাধ অধিকারী খুলনা এবং যশোর অঞ্চলের প্রকল্প সমূহের উন্নয়নমূলক কার্যক্রমের উপর গুরুত্বপূর্ন বিভিন্ন দিকনির্দেশনা মূলক বক্তব্য রাখেন। তিনি বর্তমান সরকারের নির্ধারিত মাঠ পর্যায়ে বাস্তবায়নাধীন সকল স্কীমের গুনগতমান সঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যেই সকল উন্নয়নমূলক কাজ সমাপ্ত করার উপর গুরুত্ব আরোপ করেন। উক্ত সভায় উপস্থিত ছিলেন খুলনা ও যশোর অঞ্চলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী আ.ন.ম মুনিবুর রহমান ও মোশারেফ হোসেনসহ, বিভিন্ন প্রকল্পের প্রকল্প পরিচালকবৃন্দ, খুলনা এবং যশোর অঞ্চলের আঞ্চলিক নির্বাহী প্রকৌশলীবৃন্দ, জেলার নির্বাহী প্রকৌশলী মোহাম্মদ শাহাদাত হোসেনসহ সিনিয়র সহকারী প্রকৌশলী, উপজেলা প্রকৌশলী, উপজেলা সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী এবং উপ-সহকারী প্রকৌশলীগন।

## ব্রাহ্মণবাড়িয়ায় ট্রাক্টর উল্টে শ্রমিক নিহত

## চট্টগ্রামে চোর চক্রের ৫ জন আটক

চট্টগ্রাম প্রতিনিধি ॥ নগরীর ... করে। আরেক গ্রুপ ত্রিপল বা পর্দা